

## শিশুরা ও 65 বছরের কমবয়সী পূর্ণবয়স্করা

NJ ফ্যামিলিক্যেয়ার হল NJ-এর অধিবাসীদের জন্য একটি সরকারী অর্থসাহায্যকৃত স্বাস্থ্যসেবা। এটি বিনামূল্যে বা কম খরচে মানসম্পন্ন স্বাস্থ্য সেবা প্রদান করে থাকে। NJ ফ্যামিলিক্যেয়ার প্রোগ্রামের মধ্যে সিএইচআইপি (CHIP), মেডিকেইড পরিবর্ধিত জনগণ অন্তর্ভুক্ত রয়েছে।

### কি কি আওতাভুক্ত রয়েছে?

NJ ফ্যামিলিক্যেয়ার, স্টেটের চুক্তিবলে হেল্থ প্ল্যানগুলির মাধ্যমে পূর্ণ স্বাস্থ্যসেবা আওতা প্রদান করে, যার মধ্যে রয়েছে:

- ডাক্তারের ভিজিট
- প্রসক্রিপশন
- ল্যাবের টেস্টগুলি
- এক্স-রে
- হাসপাতালে ভর্তি
- ডেন্টাল
- চশমা
- মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলি
- স্পেশ্যালিস্টের ভিজিট

### কারা যোগ্য হবেন:

যে কোন বয়সের যোগ্যতাসম্পন্ন NJ অধিবাসীরা NJ ফ্যামিলিক্যেয়ারের জন্য যোগ্য হতে পারেন। এর মধ্যে শিশু, বাবা-মা, তত্ত্বাবধানকারী আত্মীয় এবং নির্ভরশীল শিশু না থাকা পূর্ণবয়স্করা অন্তর্ভুক্ত রয়েছেন। এই যোগ্যতামানটি আবেদনকারীর সাম্প্রতিকতম ফেডারেল ট্যাক্স রিটার্নে রিপোর্টকৃত আয় ও পরিবারের আকারের উপর নির্ভর করে নির্ধারিত হয়। তবে, NJ ফ্যামিলিক্যেয়ার তথ্য যাচাইয়ের জন্য পে স্টারের মত অন্যান্য উৎসগুলিও ব্যবহার করতে পারে। শিশুদের জন্য আয়ের যোগ্যতামান পূর্ণবয়স্কদের আয়ের যোগ্যতামানের চেয়ে বেশী রয়েছে (সারণী দেখুন)

### এতে কত খরচ হয়?

অনেক লোকের ক্ষেত্রেই NJ ফ্যামিলিক্যেয়ারের জন্য কোন খরচই হয় না: কোন মাসিক প্রিমিয়াম বা কো-পেমেন্ট

দিতে হয় না। উচ্চ আয়যুক্ত পরিবারগুলির ক্ষেত্রে কো-পেমেন্ট ও মাসিক প্রিমিয়ামগুলির একটি স্লাইডিং স্কেল রয়েছে।

### আর কি কোন বিধিনিষেধ রয়েছে?

আগে থেকে থাকা স্বাস্থ্যসমস্যাগুলির জন্য এর উপর কোন প্রভাব পরে না। বেশীর ভাগ ক্ষেত্রে, যোগ্যতামান পাওয়ার জন্য শিশুদেরকে অন্ততঃ 3 মাস মেডিক্যাল বীমা ছাড়া থাকতে হয়। যেহেতু ব্যতিক্রমগুলি রয়েছে, সেজন্য আপনার যদি কোন প্রশ্ন থাকে, NJ ফ্যামিলিক্যেয়ার-কে কল করতে পারেন।

পূর্ণবয়স্কদেরকে এর জন্য যোগ্য হতে হলে অবশ্যই অন্ততঃ পাঁচ বছরের লীগ্যাল পার্মানেন্ট রেসিডেন্ট স্ট্যাটাস থাকতে হবে। শিশু ও গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে তারা যে তারিখেই ইউ.এস.(U.S.)-এতে প্রবেশ করুন না কেন, তারা আইনানুগ অধিবাসী হলে তার জন্য যোগ্য হবেন। বৈধ কাগজপত্র ছাড়া অধিবাসীদের ক্ষেত্রে, তাদের শিশুরা এর জন্য যোগ্য হতে পারে, যদি তাদের জন্ম ইউ.এস.(U.S.)-এতে হয়ে থাকে।

**কিভাবে আরো জানা যাবে?** আপনি এর জন্য যোগ্য কি না তা জানতে বা আরো তথ্যের জন্য, কল করুন বা আমাদের ওয়েবসাইটে আসুন।

**1-800-701-0710**

(বহুভাষী অপারেটররা উপলব্ধ আছেন)

**www.njfamilycare.org**

অনলাইনে আবেদন করুন।

**TTY 1-800-701-0720**

(শ্রবণগত ঘাটতি থাকা ব্যক্তিদের জন্য)

প্রযোজ্য ফেডারেল দেওয়ানী অধিকার সংক্রান্ত আইনগুলি মেনে চলে এবং জাতি, বর্ণ, জাতীয়তা মূল, লিঙ্গ, বয়স বা অসামর্থ্যের ভিত্তিতে বৈষম্য করে না। আপনি যদি অন্য ভাষাভাষী হন, আপনাকে বিনামূল্যে ভাষা সহায়তা পরিষেবাগুলি প্রদান করা হবে। 1-800-701-0710 (TTY: 1-800-701-0720) নম্বরে কল করুন।

1-800-701-0710 (TTY: 1-800-701-0720)

NJFC-FS-BENGALI-0218

**সর্বাধিক মাসিক আয়**  
**1 জানুয়ারী, 2018 তারিখের হিসেবে**

**আপনার ফেডারেল ট্যাক্সে**  
**রিপোর্টকৃত পরিবারের আকার ও মাসিক আয়**

পরিবারের আকার*	শিশু (বয়স 19-এর কম)	বাবা/মা (রা) ও একা পূর্ণবয়স্ক (রা) (বয়স 19-64)	গর্ভবতী মহিলা (যে কোন বয়সের)
1	\$ 3,592	\$ 1,397	প্র/ন
2	\$ 4,870	\$ 1,893	\$ 2,812
3	\$ 6,148	\$ 2,390	\$ 3,550
4	\$ 7,426	\$ 2,887	\$ 4,288
5	\$ 8,704	\$ 3,384	\$ 5,026
6	\$ 9,982	\$ 3,881	\$ 5,764
প্রত্যেক অতিরিক্ত সদস্য	\$ 1,278	\$ 497	\$ 738

\* বাবা/মা (রা) বা তত্ত্বাবধায়ক(রা) এবং 21 বছরের কম বয়সী সমস্ত রক্তের সম্পর্কের সন্তানরা যারা ট্যাক্সের উপর নির্ভরশীল এবং তার সাথে আপনার বাড়িতে বসবাসকারী অন্য কোন ট্যাক্সের উপর নির্ভরশীল ব্যক্তিকে বিবেচনা করে আপনার পরিবারের আকার নির্ধারণ করা হবে।